

বর্তমান দুর্যোগপূর্ণ আবহাওয়ায় ধানের রোগ ও করণীয়

বর্তমান আবহাওয়ায় ব্রি ধান৪৯ ও ব্রি ধান৭৫ এ False Smut (লক্ষীর গু) রোগের অনুকূল পরিবেশ, যদি এ দুটি ধান Flowering stage এ থাকে। তবে Flowering stage শেষ হলে আর সমস্যা নেই।

করণীয়-

Spray propiconazole group fungicide: Tilt.

Aromatic rice (সুগন্ধি ধান) এর নেট ব্লাস্ট রোগের অনুকূল পরিবেশ বর্তমান আবহাওয়ায় যদি সুগন্ধি ধান Flowering stage এ থাকে। Flowering stage over হলে আর সমস্যা নেই।

করণীয়-

Spray tricyclazole group fungicide: Trooper.

সতর্কতা--

Spray করুন বিকাল বেলা।

ধানের লক্ষীর গু (False smut) ও ব্লাস্ট (Blast) রোগের প্রাদুর্ভাব

এখনই ফলস্ স্মাট বা লক্ষীর গু বা শীষ বল বা দানা বল রোগ প্রাদুর্ভাবের উপযুক্ত সময়। গুড়ি গুড়ি বৃষ্টির কারণে গড় তাপমাত্রা এখন ২২ থেকে ২৭ ডিগ্রী সেলসিয়াসের মধ্যে বিরাজ করছে, যা এই রোগের জন্য খুবই অনুকূল। ফলস্ স্মাট বা লক্ষীর গু রোগের দমন ব্যবস্থা নিম্নে দেওয়া হলো-

১) জমিতে ধান ফুল ফোটা পর্যায়ে থাকলে অথবা আগামী এক সপ্তাহের মধ্যে ফুল আসবে এমন পর্যায়ে থাকলে দেবী না করে এখনই দুপুরের পর কোনাজল (Conazole) group এর যে কোনো ছত্রাকনাশক ১টা স্প্রে করুন।

১ম স্প্রের ৭-১০ দিনের মধ্যে ২য় স্প্রে টি করুন। ঔষধ স্প্রে করার দুই ঘন্টার মধ্যে বৃষ্টি হলে পুনরায় স্প্রে করতে হবে।

২) যেসব জমিতে ইতোপূর্বে এই রোগ দেখা দিয়েছিলো, সেসব জমিতে এই রোগ হওয়ার সম্ভাবনা বেশী।

৩) জমিতে ইউরিয়া সার অনুমোদিত মাত্রায় ব্যবহার করুন।

৪) আক্রান্ত জমি থেকে পরবর্তী বছরের জন্য বীজ সংগ্রহ করবেন না।

৫) আগামী বছর আক্রান্ত জমিতে এমনভাবে ধান লাগাবেন যেন আশ্বিনের শেষ সপ্তাহে অর্থাৎ আগামী এক সপ্তাহের মধ্যে ধান কাটার উপযোগী হয়ে যায়। অথবা আক্রান্ত জমিগুলোতে সল্লমেয়াদী জাতের ধান চাষ করুন।